Bhadra 29, 1424 Bangla, September 13, 2017, Wednesday, No. 252, 47th year

H I G H L I G H T S

PM urges Myanmar to stop atrocities on Rohingya minorities & must take its citizens back from Bangladesh - also renews her call to int'l community to stand beside Rohingyas & mount pressure on Naypyidaw. (VOA: 7)

Visiting Rohingya camp at Kutupalong of Cox's bazar Sheikh Hasina says, Rohingyas will be given shelter in Bangladesh on humanitarian ground until they can't go back to their country. (VOA: 7)

PM further assures Myanmar of giving support in tackling militancy - during PM's relief distribution program refugees express their heartfelt gratitude to govt. (VOA: 7)

An emergency meeting of UN Security Council is to take place today to discuss deteriorating situation of Rohingya crisis. (VOA: 7)

A huge number of Rohingya are entering towards Bangladesh - int'l Relief Ogranisation says, over 3.7 lakh Rohingyas so far have entered into Bangladesh since the crackdown in Myanmar. (BBC: 2)

BNP hails PM for visiting Rohingya camp in Cox's Bazar & criticizes govt. for not adopting motion at JS condemning ongoing genocide against Rohingyas. (Today: 10)

At least 7 Rohingyas fleeing persecution in Rakhine State have been killed in land-mine explosion in Bangladesh-Myanmar border. (VOA: 7)

A Dhaka court sets October 15 for BNP chief to appear in 11 cases filed including one over sedition. (R. Today: 10)

HC stays govt. decision to deduct 5 marks from second-time admission seekers in MBBS admission test - also issues rule asking respondents to explain in 4 weeks why the decision should not be declared illegal. (R. Today: 10)

Angry locals have set ablaze buses & vandalized eight others vehicles as a bus killed a schoolgirl on spot in capital's Kazipara area. (R. ABC: 9)

US secretary of State says, he believes, there will be no further escalation in diplomatic row between Moscow & Washington. (BBC: 2)

BBC

NO FURTHER ESCALATION OF DIPLOMATIC ROW BETWEEN MOSCOW & US

The US Secretary of States says, he believes there will be no further escalation in the diplomatic row between Moscow and Washington. Rex W. Tillerson said, he hoped to move towards improving relations. His comments echo remarks made by the Russian Deputy Foreign Minister. (BBC: 0600 hrs. 13-09-17 Motaleb/Sajib)

TRUMP RECEIVES MALAYSIAN PM AT WHITE HOUSE

President Trump has received Malaysian Prime Minister Najib Razak at the White House for talks focusing on trade and security. Mr. Trump welcomed the pledges of new Malaysian investment in the United States. Mr. Najib said, a deal to acquire Bowing Aircraft from Malaysia Airlines would be worth more than ten billion dollars.
(BBC: 0600 hrs. 13-09-17 Motaleb/Sajib)

TURKEY BUYS ADVANCED AIR DEFENCE SYSTEMS FROM RUSSIA

In a controversial move Turkey is buying advanced air defence systems from Russia. Washington has opposed the deal between Russia and NATO member states and the Russian equipment would not be compatible with alliance system. The Kremlin says, the arms sale reportedly worth up to three billion dollars was in line with its geo-political interests. (BBC: 2200 hrs. 12-09-17 Motaleb/Sajib)

CHINA'S BANKS BAN N KOREAN CITIZENS FROM OPENING NEW ACCOUNT

Some of China's largest banks have banned North Korean citizens and companies from opening new accounts. It is now clear whether the existing accounts are affected. A BBC correspondent reports, the blocking of new accounts follows threats from the United States to black list Chinese financial institutions with links to Pyongyang. Chinese banks were accused of laundering money used for nuclear weapons and intercontinental ballistic missile testing. (BBC: 2200 hrs. 12-09-17 Motaleb/Sajib)

FLORIDA RESIDENTS ALLOWED TO RETURN HOME

The authorities in Florida are allowing residents to return to some of the areas worst affected by Hurricane Irma including Miami Beach. But officials have warned that it will take a long time to repair the damage and restore basic services. The administrator of the Federal Emergency Management Agency Bob Long said, it was impossible to give precise figures on damage and possible deaths. (BBC: 2200 hrs. 12-09-17 Motaleb/Sajib)

KENYA'S OPPOSITION POLITICIANS BOYCOTT OPENING OF PARLIAMENT

Opposition politicians in Kenya have boycotted the official opening of parliament by President Uhuru Kenyatta. Instead, they attended a rally in a Nairobi slum by the opposition leader Raila Odinga. They argued that the Supreme Court's annulment of Mr. Kenyatta's re-election means that he does not have the authority to convene the parliament. (BBC: 2200 hrs. 12-09-17 Motaleb/Sajib)

BILL TO REMOVE AGE LIMIT FOR UGANDA'S PRESIDENT

MPs from Uganda's governing party say, they will table a private members bill in parliament proposing the removal of the Presidential age limit. If successful, President Yoweri Museveni who is believed to be 73 will be illegible to stand in the next election. The current age limit for Uganda's head of state is 75 years old. Mr. Museveni is in his fifth term in office. (BBC: 2200 hrs. 12-09-17 Motaleb/Sajib)

মঙ্গলবারও প্রাণের ভয়ে বহু রোহিঙ্গা বাংলাদেশে ঢুকেছে

মঙ্গলবারও প্রাণের ভয়ে বহু রোহিঙ্গা পালিয়ে বাংলাদেশে ঢুকেছে। আন্তর্জাতিক ত্রাণ সংস্থাগুলোর হিসেবে গত তিন সপ্তাহেরও কম সময়ের মধ্যে অন্তত তিন লাখ সত্তর হাজার রোহিঙ্গা শরণার্থী সীমান্ত দিয়ে বাংলাদেশে ঢুকেছে। এদের মধ্যে নারী এবং শিশুদের সংখ্যাই সবচেয়ে বেশি। অনেক মহিলা শুধু তাদের বাচ্চা-কাচ্চা নিয়ে পালিয়ে এসেছেন। পুরুষরা সংখ্যায় অপেক্ষাকৃত কম কেন এবার? টেকনাফে শরণার্থীদের সাথে কথা বলে তা বোঝার চেষ্টা করেছেন ফারহানা পারভিন:

টেকনাফের তুকুপালং ক্যাম্পে সাতদিন আগে এসেছেন আলমাস খাতুন। এখনও থাকার ব্যবস্থা হয়নি। এখানে এক পরিচিতির কাছে রয়েছেন তিনি। তিনি বলেন, তার স্বামী এবং একমাত্র ছেলে মিয়ানমারে গুলিবিদ্ধ হয়েছেন। এরপর মিয়ানমারের সেনা বাহিনী তাদের ধরে নিয়ে গেছে। তিনি জানেন না আদৌ তারা বেঁচে আছেন কি-না। তিনি একাই চলে এসেছেন অন্যদের

সাহায্য নিয়ে। আলসাম খাতুনের মতো অসংখ্য নারী ও শিশু বাংলাদেশের কক্সবাজার এলাকার বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে আছেন। তাদের বেশিরভাগেরই পরিবারের মূল সদস্য তাদের সাথে আসেনি। তাহলে তাদের পরিণতি কী হয়েছে?

রাখাইন রাজ্য থেকে আরেকজন নারী এসেছেন, আমার সাথে কথা বলার সময় তিনি কান্নায় ভেঙ্গে পড়ছিলেন। এ নারী বলেন, তার স্বামী এবং তার তিন ছেলেকে তার সামনেই হত্যা করা হয়েছে। দুইটা ছেলে পালিয়ে যাওয়ার সময় পিছন দিক থেকে গুলি করা হয়, সেখানেই মৃত্যুর কোলে লুটিয়ে পড়েন তারা। তিনি আরও বলেন, পৃথিবীতে এখন আমার কেউ নেই, সব শেষ হয়ে গেছে। আগস্টের ২৫ তারিখের পর বাংলাদেশে যত মানুষ এসেছে, আন্তর্জাতিক সংস্থাগুলো বলছে সে হিসেব ৩ লক্ষ ৭০ হাজার। কিন্তু স্থানীয় মানুষ এবং জন প্রতিনিধিরা বলছে, এর সংখ্যা আরও বেশি সাড়ে পাঁচ লক্ষের মত। আর বিশাল সংখ্যক মানুষের মধ্যে এক-তৃতীয়াংশ রয়েছে নারী ও শিশু।

পালিয়ে আসা এসব মানুষ বলছে, তাদের পরিবারের পুরুষ সদস্যদের বেশিরভাগকে হত্যা করা হয়েছে অথবা নিখোঁজ আছে। মহাদ্দেসা নামে এক নারী বলেন, তার স্বামী, এক ছেলে এবং শশুরকে হত্যা করা হয়েছে। কিন্তু হত্যাকাণ্ডের টার্গেট শুধুমাত্র পুরুষরাই কেন? তিনি বলেন, মিয়ানমারের সেনাবাহিনী তাদের মারার সময় বলেছে, সেনাবাহিনীর সাথে লড়াইয়ে জড়ানোর কারণে তাদের মারা হচ্ছে। তিনি বলেন, সেনাবাহিনীর সন্দেহ ছিল তার স্বামী আলিয়াকীন গ্রুপের সদস্য ছিলেন। মিয়ানমারের সেনাবাহিনী তাদের উপর হামলার কারণ হিসেবে আরাকান রোহিঙ্গা সালভেশন আর্মি বা আরসাকে দায়ী করছে। এ সংগঠনটি স্থানীয়ভাবে আরাকান-আল ইয়াকীন নামে পরিচিত ছিল। তবে স্থানীয়ভাবে একটা গুঞ্জন রয়েছে বেশকিছু পরিবারের পুরুষ সদস্যরা মিয়ানমারে রয়ে গেছেন তাদের ভাষায় লড়াইয়ে অংশ নেওয়ার জন্য। তবে এ তথ্যের সত্যতা যাছাই করা সম্ভব হয়নি। সেনাবাহিনীর দ্বারা শরীরে দু'টি গুলিতে আহত হয়েছেন আবুল কালাম। তিনি অবশ্য এ খবরকে নাকচ করে দিলেন। তিনি বলেন, তাকে গুলি করার সময় তারা বলেছে, এদেশ মুসলমানদের জন্য নয়।

এদিকে, কক্সবাজারে আশ্রয় নেওয়া এসব কয়েক লক্ষ নারী ও শিশুর পরিবারের পুরুষ সদস্যদের একটি বৃহৎ অংশই হত্যাকাণ্ডের শিকার হয়েছেন, সেটা তারা নিশ্চিত হয়েছেন। তবে যারা নিখোঁজ রয়েছেন, তাদের ভাগ্যে কী ঘটেছে, সে সম্পর্কে রয়েছে নানা প্রশ্ন। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১২/০৯/১৭ ফারুক/আশরাফ)

রোহিঙ্গাদের ওপর নির্যাতন বন্ধ করতে হবে: প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিবিসিকে আজ বলেছেন, নিরপরাধ রোহিঙ্গা নারী, শিশুদের ওপর সেনাবাহিনী লেলিয়ে দিয়ে মিয়ানমার একেবারেই ঠিক করেনি। শরণার্থীদের অবস্থা স্বচক্ষে দেখতে গিয়ে কক্সবাজারে বিবিসির জাস্টিন রোলাটকে দেওয়া এক সাক্ষাৎকারে শেখ হাসিনা বলেন, এই নির্যাতন বন্ধ করতে হবে।

মাননীয় প্রধানমন্ত্রী (স্বকণ্ঠে - অনুবাদ): মিয়ানমার সরকারের এটা বন্ধ করা উচিত। মিয়ানমার সরকারের উচিত ধৈর্য নিয়ে আন্তরিকতার সাথে এই পরিস্থিতি মোকাবেলা করা। সাধারণ মানুষের উপর আইন-শৃঙ্খলা বাহিনী বা সেনাবাহিনীর আক্রমণ করতে দেওয়া তাদের উচিত হয়নি। নারী, শিশুদের অপরাধ কী? তারা তো নির্দোষ, সহিংসতার জন্য তো তারা দায়ী নয়।

শেখ হাসিনা উখিয়ায় কুতুপালং শরণার্থী শিবিরে গিয়ে বেশ ক'জন রোহিঙ্গা নারী-শিশুর সাথে কথা বলেছেন আজ। সেখানে নিজের হাতে কিছু ত্রাণ ও তিনি বিতরণ করেছেন। এরপর সেখানে উপস্থিত রোহিঙ্গাদের উদ্দেশ্যে তিনি বক্তৃতাও দিয়েছেন। পরে বাংলাদেশের প্রধানমন্ত্রী বিবিসিকে বলেন যে, পালিয়ে আসা রোহিঙ্গা শরণার্থীদেরকে মিয়ানমারকে এবার ফেরত নিতেই হবে।

মাননীয় প্রধানমন্ত্রী (স্বকণ্ঠে - অনুবাদ): আমরা আমাদের সংসদে একটা প্রস্তাব পাশ করেছি। তাতে বলা হয়েছে, মিয়ানমার যেন তাদের নাগরিক রোহিঙ্গাদের ফিরিয়ে নিয়ে যায়। মিয়ানমারকেই রোহিঙ্গাদের জন্য অনুকূল পরিবেশ তৈরী করতে হবে যেন তারা সেখানে ফিরে যেতে পারে। জাতিসংঘ ও আন্তর্জাতিক সংগঠনগুলোর প্রতিও আমাদের আহ্বান তারা যেন এই বিষয়ে মিয়ানমারের ওপর যথেষ্ট চাপ প্রয়োগ করে এবং সেই অনুযায়ী কাজ করে।

রোহিঙ্গা সঙ্কট নিয়ে এই মুহূর্তে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে তার বার্তা কী হবে, জাস্টিন রোলাটের এই প্রশ্নে শেখ হাসিনা বলেন,

মাননীয় প্রধানমন্ত্রী (স্বকণ্ঠে - অনুবাদ): আমার ব্যক্তিগত বার্তা খুবই স্পষ্ট, মানবতার দৃষ্টিভঙ্গীতে তাদের এই পরিস্থিতি বিবেচনা করতে হবে। এই মানুষগুলো নির্দোষ, এসব শিশু, নারী নির্মম কষ্টের মধ্যে পড়েছে। এই রোহিঙ্গা মুসলিমরা মিয়ানমারের নাগরিক, শত বছর ধরে তারা সেখানে বসবাস করছে। কীভাবে তারা তাদের নিজেদের নাগরিককে অস্বীকার করে! (বিবিসি: ১৯:৩০ ঘ. ১২/০৯/১৭ কবির/আশরাফ)

মিয়ানমার বাংলাদেশকে গুরুত্বপূর্ণ মনে না করায় সম্পর্ক আগের জায়গাতেই রয়ে গেছে

বাংলাদেশে রোহিঙ্গা সঙ্কট এবারেই প্রথম নয়, গত তিন দশক ধরে দফায় দফায় এটি হয়েছে। তারপরেও বাংলাদেশের তরফ থেকে মিয়ানমারের সাথে সম্পর্ক জোরদারের চেষ্টা চালানো হয়েছে। কিন্তু বাংলাদেশে সংশ্লিষ্টরা স্বীকার করছেন যে, মিয়ানমারের কাছ থেকে এই ব্যাপারে তেমন সাড়া কখনই তারা পাননি। মিয়ানমারের সামরিক শাসনের দৃশ্যতঃ অবসান হলেও দুই দেশের মধ্যে সম্পর্ক আগের মত শীতলই রয়ে গেছে। এর কারণ কী, খোঁজার চেষ্টা করেছেন আমাদের সংবাদদাতা আকবর হোসেন:

মিয়ানমারের সাথে সম্পর্ক জোরালো করার জন্য বাংলাদেশ বিভিন্ন সময়ে পদক্ষেপ নিলেও সেভাবে এগোয়নি। ২০০২ সালে তৎকালীন বিএনপি সরকার পূর্বমুখী পররাষ্ট্র নীতি গ্রহণ করেছিল যার কেন্দ্রে ছিল মিয়ানমার। তখন পররাষ্ট্র সচিবের দায়িত্বে থাকা শমসের মুবিন চৌধুরী বলছেন, মিয়ানমারের কাছ থেকে তারা সবসময় সবকিছুতে কাঙ্ক্ষিত সাড়া পাননি।

মি. চৌধুরী: তখন কিন্তু মিয়ানমার কিছুটা কৌশল অবলম্বন করেছিল এই কারণে যে, তখন কিন্তু মিয়ানমারের ওপর আন্তর্জাতিক নিষেধাজ্ঞা ছিল। রাজনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক নিষেধাজ্ঞা ছিল। তখন সামরিক শাসন ছিল সেই দেশে। এমনি দেখা করলে তারা আমাদের সঙ্গে একটা ভালো সম্পর্ক গড়ে তুলতে চায়। আমরা কিছু প্রস্তাব দিলে তারা হয়ত কিছুটা ইতিবাচক সাড়া দেয়। মূল কয়েকটি বিষয়ে তাদের থেকে আমরা সেই ধরনের সাড়া কোন সময় পাইনি এবং বিষয়গুলো তারা অমীমাংসিত রেখে দিত। বিশেষ করে এই রোহিঙ্গাদের বিষয়টি, এই ব্যাপারে তারা কোন পরিষ্কার কিছু বলতো না। অনেক সময়েই আমরা দেখতাম যে, তারা সেভাবে আমরা যতটুকু উদ্যোগ নিয়ে কথা বলতে চাইতাম, উৎসাহ নিয়ে কথা বলতে চাইতাম, সেই ধরনের সাড়া সবসময় পেতাম না।

বাংলাদেশ আশা করেছিল, মিয়ানমারে সামরিক শাসনের অবসান হলে হয়ত পরিস্থিতির উন্নতি হবে। কিন্তু বাস্তবে তেমন কোন অগ্রগতি হয়নি বরং রোহিঙ্গা পরিস্থিতির তো উন্নতি হয়নি আরও অবনতি হয়েছে। ২০০৯ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত মোট পাঁচ বছর মিয়ানমারে বাংলাদেশের রাষ্ট্রদূত ছিলেন তৎকালীন মেজর জেনারেল অনুপ কুমার চাকমা। তিনি বলছেন, রোহিঙ্গা ইস্যুকে কেন্দ্র করে বাংলাদেশ এবং মিয়ানমারের সম্পর্ক অনেকটা থমকে আছে।

মি. চাকমা: এদিকে, আমাদের সাথে যেটা হ'ল গত এক টার্মে এটি রোহিঙ্গা সমস্যা। এই রোহিঙ্গা সমস্যার কারণেই আমাদের মধ্যে বোধ হয় একটা আস্থার সঙ্কট সৃষ্টি হয়েছে। তারা মনে করে যে আর কি যেহেতু তারা নিজে থেকে বেশি ভালো চায় না। তাদের সম্পর্ক ভালো ভারতের সাথে সবসময়। চীন আমাদের তো ভালো অর্থনৈতিক, বাণিজ্যিক এবং ভালো সম্পর্ক, তো বিভিন্ন কারণে হচ্ছিল, চেষ্টা তো হচ্ছিল।

মি. চাকমার মত অনেকটা একইরকম কথা বলছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক আলী আশরাফ। তিনি মনে করেন, মিয়ানমারের অগ্রাধিকারের তালিকায় বাংলাদেশ কখনই ছিল না। অর্থনৈতিক ক্ষেত্রে বাংলাদেশের জন্য মিয়ানমার যতটা গুরুত্বপূর্ণ কিন্তু মিয়ানমার বাংলাদেশকে সেভাবে প্রয়োজনীয় মনে করছে না। অধ্যাপক আশরাফ বলছেন সেই কথা যে, ‘‘বাংলাদেশের ভৌগোলিক কারণে বাংলাদেশ তার চেয়ে যে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর সাথে অর্থনৈতিকভাবে একটা ঘনিষ্ঠতর সম্পর্ক বজায় রাখবে এবং সেই থেকে মিয়ানমার হচ্ছে বাংলাদেশের জন্য একটা গেইটওয়ে মানে প্রবেশদ্বার। দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো প্রবেশ করতো থাইল্যান্ড, ভিয়েতনাম, মালয়েশিয়া,ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর। এই দেশগুলোর সাথে বাংলাদেশের ইকনোমিক রিলেশন নির্ভর করতে হলে আপনার আমাদের জন্য গেইটওয়ে হচ্ছে মিয়ানমার এবং সে কারণে বাংলাদেশের কাছে মিয়ানমারের গুরুত্বটা অনেক বেশি। মিয়ানমারের জন্য কিন্তু এই প্রায়োরিটিটা নাই এবং তার সাথে কিন্তু চীন এবং ভারতের এখন দ্রুত গোয়িং সম্পর্ক।

সাবেক কূটনীতিকরা বলছেন, বিভিন্ন সময় বাংলাদেশের দিক থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার কথা বললেও বিষয়টি নিয়ে মিয়ানমারের সাথে সম্পর্ক খারাপ করতে চায়নি বাংলাদেশ। কিন্তু বিশ্লেষকরা বলছেন, অর্থনৈতিক এবং রাজনৈতিক বিবেচনায় মিয়ানমার বাংলাদেশকে গুরুত্বপূর্ণ মনে না করায় সম্পর্ক আগের জায়গাতেই রয়ে গেছে।

(বিবিসি: ১৯:৩০ ঘ. ১২/০৯/১৭ কবির/আহমেদ)

নিরাপত্তা পরিষদের বৈঠক প্রসঙ্গে আলী রিয়াজের সাক্ষাৎকার

জাতিসংঘের মহাসচিবের আহ্বানে মিয়ানমার ইস্যুতে আজ জরুরী বৈঠক বসতে যাচ্ছে নিরাপত্তা পরিষদে। তবে চীন ইতোমধ্যেই বলে দিয়েছে যে, তারা মিয়ানমার সরকারের তাদের ভাষায় শান্তি ও স্থিতিশীলতা রক্ষার পদক্ষেপকে পুরোপুরি সমর্থন করে। এ অবস্থায় নিরাপত্তা পরিষদ মিয়ানমারের উপর কতটা চাপ সৃষ্টি করতে পারবে, এই প্রসঙ্গে আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক ড. আলী রিয়াজের কাছে শুরুতেই প্রশ্ন ছিল, নিরাপত্তা পরিষদের এই আলোচনাটি কতটা গুরুত্বপূর্ণ?

মি. রিয়াজ: সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গুরুত্বপূর্ণ এই পটভূমিকায়, যে পরিস্থিতি আমরা দেখতে পাচ্ছি এটা একটা মানবিক বিপর্যয়ে পরিণত হয়েছে। আর এর পাশাপাশি যেটা আছে সেটা হ'ল, এর একটা কূটনৈতিক দিক আছে, নিরাপত্তার দিক আছে। জাতিগত সংঘাত নির্মূলের একেবারে টেক্সবুকস উদাহরণ হচ্ছে, জাতিসংঘের মহাসচিব নিরাপত্তা পরিষদকে বলেছেন, আলোচনা করার জন্য এবং এই সমস্ত পটভূমিকাতেই আসলে এই আলোচনাটা হচ্ছে। সেদিক থেকে এর গুরুত্ব অপরিসীম। আমি বলব যে, শেষ পর্যন্ত এক ধরনের আন্তর্জাতিকীকরণ হ'ল। অতীতেও আলোচনা হয়েছিল, নিরাপত্তা পরিষদে এ বছর মার্চ মাসেও আলোচনা হয়েছে। কিন্তু কোনরকম, এমনকি একটা বিবৃতি পর্যন্ত, ঐকমত্য পোষণ করা যায়নি।

বিবিসি: কিন্তু এই নিরাপত্তা পরিষদের বৈঠকে চীন ভেটো ক্ষমতাধারী একটি সদস্য এবং তারা মিয়ানমার সরকারকে স্পষ্টভাবে সমর্থন দিচ্ছে। ফলে এখানে আসলে কোন প্রস্তাব পাস করানো যাবে কি?

মি. রিয়াজ: সম্ভাবনা অত্যন্ত কম। ২০০৭ সালের জানুয়ারি মাসে যখন জাতিসংঘের নিরাপত্তা পরিষদে এই প্রশ্ন উত্থাপিত হয়েছে, তখনকার পরিস্থিতিতে এই নিয়ে আলোচনা উঠেছিল কিন্তু দেখা গেছে যে, চীন এবং রাশিয়া ভেটো প্রয়োগ করেছিল। ফলে চীনের আজকে যেই অবস্থান তারা আসলে খোলাসাই করে দিয়েছেন। তারা স্পষ্ট করে বলে দিয়েছেন, তারা মিয়ানমারের ক্ষমতাসীনদের পক্ষে থাকবেন এবং মিয়ানমারের পক্ষ থেকেও তারা নির্ভর করছে চীন এবং রাশিয়ার উপর। ফলে সম্ভাবনা কম কিন্তু আলোচনাটা অতি গুরুত্বপূর্ণ। যদিও কোন বিবৃতি পাস না করা যায়, কোন প্রস্তাব নাও নেয়া যায় কিন্তু

এটা স্পষ্ট হচ্ছে যে, আসলে এই মানবিক বিপর্যয় মোকাবেলায় বাংলাদেশের এককভাবে যতটুকু করার তারা করছে বটে কিন্তু এক্ষেত্রে গোটা আন্তর্জাতিক সমাজের একটা ভূমিকা আছে এবং সেই ভূমিকার সেই স্বীকৃতিটা হচ্ছে এই বৈঠকটা।

বিবিসি: নিরাপত্তা পরিষদে যদি কোন নিন্দা প্রস্তাব পাস না করা যায় তাহলে কি বিশ্বের প্রধান শক্তিগুলো মিয়ানমারের উপর চাপ সৃষ্টি করতে পারবে?

মি. রিয়াজ: হ্যাঁ, সেটা পারবে। যদি তারা উৎসাহিত হয় তাহলে বিভিন্ন রকম কূটনৈতিক উদ্যোগ নিয়ে এগিয়ে যেতে পারে। সেক্ষেত্রে যে শুধুমাত্র ইউনেস্কোর উপর নির্ভর করতে হবে তা নয়। যদি ইউনেস্কোতে কোন নিন্দা প্রস্তাব পাস হয়, তাহলে সেটা মিয়ানমারের উপর চাপ তৈরি করবে। আরেকটি বিষয় হ'ল, এখানে আশিয়ান কিন্তু আঞ্চলিক সংস্থা হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। সেটা অর্থনৈতিক, বাণিজ্যিক বা কূটনৈতিক চাপ হতে পারে। তার জন্য কিন্তু প্রথম উদ্যোগটা আসতে হবে বাংলাদেশের কাছে থেকে। বাংলাদেশের এখানে শক্তিশালী অবস্থান নিতে হবে।

বিবিসি: আপনি বাংলাদেশের প্রসঙ্গ তুললেন, বাংলাদেশের পক্ষ থেকে যে কূটনৈতিক উদ্যোগ নেওয়া হচ্ছে সেখানে কোন দুর্বলতা কি দেখছেন?

মি. রিয়াজ: অত্যন্ত দুর্ভাগ্যবশতঃ আমাকে বলতে হচ্ছে, বাংলাদেশের অত্যন্ত দুর্বল কূটনৈতিক দিক আমি দেখতে পাচ্ছি বাংলাদেশ যে মানবিক ভূমিকা নিয়েছে সেটা নিঃসন্দেহে প্রশংসনীয়। আমি আর আপনি এখন কথা বলছি ইউনেস্কোর বৈঠকের ব্যাপারে। এই ব্যাপারে বাংলাদেশের কোন প্রতিনিধি এখনও পর্যন্ত নিউইয়র্কে উপস্থিত নেই। আর এ নিয়ে গণমাধ্যম বা কূটনৈতিকভাবে কোন তোড়জোড় লক্ষ্য করা যাচ্ছে না। স্পষ্ট করে কেন বলা হচ্ছে না আমরা এখানে উপস্থিত হয়েছি। এটা এখন আর মিয়ানমারের অভ্যন্তরীণ বিষয় আর নেই। বাংলাদেশকেই এ কথাগুলো বলতে হবে। বাংলাদেশের হয়ে কিন্তু কেউ কিছু বলবে না। আশিয়ানের সমর্থন দরকার, ওআইসি'র সমর্থন দরকার, ইউনেস্কোতে হয়ত কোন সিদ্ধান্ত হবে। কিন্তু সবার কাছে কিন্তু বক্তব্যটা বাংলাদেশকেই তুলে ধরতে হবে। আমি মনে করি এখনও সময় আছে বাংলাদেশের আরও অব্যাহতভাবে জোরালো কূটনৈতিক প্রচেষ্টা চালাতে হবে। (বিবিসি: ০৬৩০ ঘ. ১৩/০৯/১৭ এলিনা/আছাদ/নারগীস)

রোহিঙ্গা পরিস্থিতি সম্পর্কে জাতিসংঘের বক্তব্য প্রত্যাখ্যান করেছে মিয়ানমার

রোহিঙ্গাদের পরিস্থিতি দেখতে গতকাল কক্সবাজারে যান বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি শরণার্থীদের ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি আহ্বান জানান। এদিকে, রাখাইনের ঘটনা জাতিগত নিধনের আদর্শ উদাহরণ বলে জাতিসংঘের বক্তব্যকে প্রত্যাখ্যান করেছে মিয়ানমার। তাদের সেনা অভিযান রোহিঙ্গা জঙ্গী গোষ্ঠী দমনে চলছে, সাধারণ মানুষের বিরুদ্ধে নয় প্রতিক্রিয়ায় জানিয়েছে দেশটির কর্তৃপক্ষ। তবে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের ভাষ্য, মিয়ানমারের সেনাবাহিনী তাদের উপর অত্যাচার, নির্যাতন চালাচ্ছে। হত্যা, ধর্ষণের অভিযোগও আছে। কক্সবাজারে আছেন বিবিসি বাংলার সংবাদদাতা ফারহানা পারভীন। শরণার্থীদের মধ্যে আহত বা নির্যাতনের শিকার রোহিঙ্গারা কী পরিমাণে আছেন, শুরুতেই এই প্রশ্ন ছিল তার কাছে।

ফারহানা পারভীন : দেখুন, পরিমাণটা আসলে এখনও ঐভাবে নির্ধারণ করা হয়নি কোনপক্ষ থেকেই। তবে আপাতদৃষ্টিতে দেখে যেটি মনে হচ্ছে সেটি হচ্ছে যে, নারী যারা রয়েছেন তারা কোন না কোনভাবে নির্যাতনের শিকার হয়েছেন। অনেকে ধর্ষণের শিকার হয়েছেন সে কথাটিও বলছেন। আর পুরুষদের মধ্যে তারা স্বাভাবিকভাবেই বেশি নির্যাতনের শিকার হয়েছেন। অনেকেই গুলিবিদ্ধ অবস্থায় এসেছেন। অনেকে হাতে বা শরীরে কাঁটা ছেড়া অবস্থায় বা বিভিন্ন জখম রয়েছে তাদের শরীরে যেগুলো নিয়ে তারা নদীপার হয়ে বাংলাদেশে এসেছেন। এবং এখানে তারা প্রাথমিক চিকিৎসাটা নিচ্ছেন। তবে আসলে কী পরিমাণ লোক আহত হয়ে এখানে এসেছে, তার সংখ্যা এখনও পর্যন্ত নির্ধারণ করা হয়নি।

বিবিসি: যারা পালিয়ে এসে বাংলাদেশে শরণার্থী হিসেবে থাকছেন তারা মিয়ানমার সরকার বা সেনাবাহিনীর নির্যাতনের যে বর্ণনা দিচ্ছেন, সেই বর্ণনা বা অভিজ্ঞতায় কোন্ চিত্রটি উঠে আসছে মূলতঃ?

ফারহানা: আসলে কমবেশি একই রকমের বর্ণনা তারা দিচ্ছেন। যিনি আজ থেকে তিন সপ্তাহ আগে এসেছেন তিনি যে বর্ণনাটা দিচ্ছেন, সেই একই বর্ণনা দিচ্ছেন যিনি আজ সকালে এসেছেন তিনিও। ঘরবাড়ি সেখানে জ্বালিয়ে দেওয়া হয়েছে। পরিবারের পুরুষ সদস্যদেরকে বাড়ি থেকে ধরে নিয়ে গিয়ে তাদেরকে গুলি করে হত্যা করা হয়েছে। অনেককে গুলি করে হত্যা করা হয়েছে। অনেককে ধরে নিয়ে যাওয়া হয়েছে, তারা নিখোঁজ আছেন। তারা বেঁচে আছেন কি-না সেটার খোঁজ পরিবারের সদস্যরা জানেন না। আবার নারী যারা রয়েছেন তারা শরীরিক, মানসিকভাবে ভীষণ নির্যাতনের শিকার হয়েছেন এবং তারা মানসিকভাবে ভীষণ বিপর্যস্ত অবস্থায় দীর্ঘ সময় হেঁটে পথ পাড়ি দিয়ে বাংলাদেশে এসে প্রবেশ করেছেন। বলা যায় তাদের চোখে-মুখে ক্লান্তি, ক্ষুধা, বিভিন্ন নির্যাতনে তাদের যে মানসিক বিপর্যস্ত অবস্থা, একইসাথে স্বজন হারানোর বেদনা আমরা যখন তাদের সাথে কথা বলছি সেটা স্পষ্ট হয়ে উঠছে তাদের কথায়।

বিবিসি: আহত বা নির্যাতনের শিকার যে সমস্ত নারী-পুরুষ বাংলাদেশে এসে রোহিঙ্গা শরণার্থী শিবিরে আশ্রয় পাচ্ছেন, তারা কি কোন ধরনের চিকিৎসা সেবা পাচ্ছেন? কী ধরনের চিকিৎসা সেবা এখানে রয়েছে তাদের জন্য?

ফারহানা : এখানে বিভিন্ন আন্তর্জাতিক ত্রাণসংস্থা যেগুলো রয়েছে তারা চিকিৎসা ব্যবস্থা করছেন। প্রাথমিক যে চিকিৎসা সেই চিকিৎসা দেওয়া হচ্ছে। এছাড়া, এখান থেকে যাদের আরও বেশি উন্নত চিকিৎসার দরকার এমন অনেককেই চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হচ্ছে। কাজেই তারা চিকিৎসা পাচ্ছেন না এমনটি আসলে বলা যাবে না।

বিবিসি: আমরা শুনছি যে, প্রতিদিনই শরণার্থীর সংখ্যা বাড়ছে। গতকাল সন্ধ্যা পর্যন্ত আপনি কী দেখেছেন?

ফারহানা : গত দুইদিনের এই লোকজন আসার পরিমাণ খানিকটা কম। একেবারে যে কমে গেছে বা বন্ধ হয়ে গেছে সেটা নয়। তবে স্রোতের মত যে মানুষ আসছিল গত দুই সপ্তাহ সময় ধরে সেটা খানিকটা কম দেখা যাচ্ছে গত দুইদিনে। অনেকেই আছেন যারা ঐপাড়ে অপেক্ষা করছেন। কিংবা এই পাড়ে এসে কোন একটা জায়গায় তারা দলবেঁধে অপেক্ষা করছেন। কিন্তু তাদেরকে চিহ্নিত করা, তাদেরকে ট্রেস করার যে বিষয়টা সেটা হয়তো বা অনেক পরের দিকে হচ্ছে। তো সেই ক্ষেত্রে আসলে বলা যাচ্ছে না যে, তাদের আসাটা কমে গেছে।

বিবিসি: বলা হচ্ছে যে, বাংলাদেশে এখন পর্যন্ত যে সংখ্যক রোহিঙ্গা শরণার্থী প্রবেশ করেছেন তাদের সংখ্যা ৩ লাখ ৭০ হাজার। বাস্তব পরিসংখ্যান আসলে কী বলে? কতজন রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছেন?

ফারহানা : এখানকার স্থানীয় মানুষ এবং যে সব জনপ্রতিনিধিরা রয়েছেন তারা বলছেন যে, এই সংখ্যা আরও বেশি। সাড়ে পাঁচ লাখের মত মানুষ আসলে এখানে এসে প্রবেশ করেছে এবং তারা কক্সবাজারের বিভিন্ন উপজেলায় ছড়িয়ে ছিটিয়ে অবস্থান করছে। এবং এখন আপনি জানেন যে, বায়োমেট্রিক পদ্ধতিতে তাদের নিবন্ধন এবং তালিকা তৈরীর একটা কাজ শুরু হয়েছে। সেটিতে এখন অনেকেই সাড়া দিচ্ছেন। এই যে নিবন্ধন প্রক্রিয়াটা, সেটা যদি সফলভাবে সম্পন্ন করা যায় তাহেল আসলে কতজন মানুষ বাংলাদেশে প্রবেশ করেছেন তার মোটামুটি একটা ধারণা পাওয়া যাবে।

(বিবিসি: ০৭:৩০ঘ. ১৩/০৯/১৭ খালেদা/হেলাল)

সমন্বয় করে বিতরণ করা সম্ভব হচ্ছে না রোহিঙ্গাদের ত্রাণ

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শরণার্থীদের সংখ্যা ৩ লাখ ৭০ হাজার ছাড়িয়ে গেছে বলছে জাতিসংঘ। এত বিপুল সংখ্যক মানুষের আশ্রয় আর ত্রাণের ব্যবস্থা করতে হিমশিম খাচ্ছেন স্থানীয় ও আন্তর্জাতিক ত্রাণ সংস্থাগুলো। পাশে আছে স্থানীয় জনগণও। তবে অনেকে বলছেন, বিভিন্ন উৎস থেকে আসা এই ত্রাণ বিতরণ খুব-একটা সমন্বিতভাবে হচ্ছে না এবং শরণার্থীর সংখ্যা প্রতিদিনই বাড়তে থাকায় ত্রাণ তৎপরতার উপর চাপ আরও বাড়ছে। এ নিয়ে সহকর্মী পুলক গুপ্ত কথা বলেছিলেন বাংলাদেশ রেডক্রিসেন্ট কর্মকর্তা এবং রোহিঙ্গাদের ত্রাণ তৎপরতার সমন্বয়কারী মাজহারুল হকের সাথে:

মি. হক : এই যে সমস্যাটা চলছে, এটা একটা ইমার্জেন্সি সমস্যা। এই মুহূর্তে এখনও পর্যন্ত মানুষ ভাসমান অবস্থায় আছে। এখনও পর্যন্ত পার্টিকুলার কোন স্থানে তাদেরকে আশ্রয় দেওয়া সম্ভব হয়নি। যার কারণে এখানে সমন্বিতভাবে কোন ত্রাণ কার্যক্রম পরিচালনা করা এটা আসলেই অত্যন্ত কষ্টসাধ্য এবং ডিফিকাল্ট। এখানে বিভিন্ন অর্গানাইজেশন, আমরা আগের থেকে কাজ করছিলাম কিন্তু এখন এক সপ্তাহ যাবৎ যেভাবে মানুষের ঢল এখানে নামছে, এখন মানুষগুলি রাস্তার উপরে খোলা আকাশের নীচে। এদের তো সমন্বিতভাবে ঐভাবে প্লান করে ডিস্টিবিউশন কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না।

বিবিসি: তাহলে এখন এই যে সাহায্যটা পাচ্ছে, এটা কি একেবারে স্থানীয় লোকজন যে যেভাবে পারেন সেইভাবে তাদের সাহায্য করছেন?

মি. হক : প্রথমদিন থেকেই বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি সাহায্য, সহযোগিতা করে যাচ্ছে। পানি এবং ড্রাই ফুড সরবরাহ করেছি। মেডিকেল টিম আমরা কাজে লাগিয়েছি। এভাবে আমরা সাহায্য দিয়ে যাচ্ছি।

বিবিসি: যে পরিমাণ সাহায্য দিচ্ছেন এটা কি এত লোকের জন্য যথেষ্ঠ?

মি. হক : এটা যথেষ্ট পরিমাণ নয়। তবে আমরা আপ্রাণ চেষ্টা করে যাচ্ছি। এভাবে সাহায্য দিতে গেলে তো একটা রিসোর্স, পপুলাইজেশনেরও দরকার আছে। আমরা ইন্টারন্যাশনাল এপিল লঞ্জ করেছি। বিভিন্ন পার্টনার ন্যাশনাল সোসাইটির কাছ থেকে সাড়া পাচ্ছি।

বিবিসি: এখন যে সব সাহায্য এবং ত্রাণসামগ্রী আছে, এগুলো কতটা সমন্বিতভাবে পৌঁছে দেওয়া যাচ্ছে শরণার্থীদের হাতে?

মি. হক : আমি আগেই বলেছি ঐভাবে সমন্বিতভাবে হচ্ছে না। যে যেভাবে পারছে সে সেভাবে দিচ্ছে।

বিবিসি: এক্ষেত্রে আপনারা কী সরকারের কোন সহায়তা পাচ্ছেন?

মি. হক : সরকার তো এই ধরনের সিচুয়েশনে সবচেয়ে মুখ্য ভূমিকা পালন করে থাকেন। সরকারের যে সমস্ত সাহায্য, সহযোগিতা আসছে সেটা ডেপুটি কমিশনার আছেন, ত্রাণ মন্ত্রণালয় আছে তারা এগুলি করছেন। আস্তে আস্তে ব্যাপারটা সেটেল্ড হয়ে গেলেই তখন আমরা প্রত্যেকে একটা প্ল্যান ওয়েতে এগুলো ডিস্টিবিউশন করতে পারব।

বিবিসি: এগুলো পৌঁছে দিতে উপযুক্ত যানবাহন, লোকবল এগুলো কতটা ভালোভাবে করতে পারছেন?

মি. হক : এটার জন্য সরকারের ডেপুটি কমিশনার রয়েছেন, ত্রাণ মন্ত্রণালয় একটা মুখ্য ভূমিকা পালন করবে, জেলা প্রশাসন আছে। এখানে কতগুলো এজেন্সি শুরু থেকেই কাজ করে যাচ্ছে। আমরাও কাজ করে যাচ্ছি।

বিবিসি: কত পরিমাণ ত্রাণ এখন পাইপলাইনে রয়েছে এবং আগামীতে লোক যখন আরও বাড়বে তখন সেটা মোকাবেলা করা সম্ভব হবে কি না?

মি. হক: আমার পক্ষে এই মুহূর্তে এই প্রশ্নের জবাব দেওয়া সম্ভব হবে না। তবে সবাই ঠিকমত কাজ করছে এবং ত্রাণ ঠিকমত বিতরণ করার চেষ্টা করছে। ধীরে ধীরে কাজগুলো ঠিকমত করা সম্ভব হবে।

(বিবিসি: ০৭:৩০ঘ. ১৩/০৯/১৭ এলিনা/হেলাল)

ভয়েস অফ আমেরিকা

রোহিঙ্গাদের নিয়ে নিরাপত্তা পরিষদের বৈঠক বুধবার

পশ্চিম মিয়ানমারের চলমান সহিংসতা এবং সেখান থেকে বাংলাদেশে পালিয়ে যাওয়া চার লাখ রোহিঙ্গা মুসলমানের বিষয় নিয়ে বুধবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদের জরুরী বৈঠক হচ্ছে। বৈঠকে রোহিঙ্গা মুসলমানদের উপর নির্যাতনের চিত্র তুলে ধরে জাতিসংঘ মানবাধিকার বিষয়ক প্রধান জেইদ রাদ আল হোসেনের বক্তব্যের পর বৃটেন এবং সুইডেনের অনুরোধে নিরাপত্তা পরিষদ এই জরুরী বৈঠকের সিদ্ধান্ত নিয়েছে। জেইদ রাদ আল হোসেন জেনেভায় জাতিসংঘ মানবাধিকার পরিষদে মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা অধ্যুষিত গ্রামগুলোতে নির্বিচারে মানুষ হত্যা ও নির্যাতনের ছবির বর্ণনা দিয়েছেন। যারা প্রাণভয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করছে তাদের জন্য সীমান্তে মিয়ানমার বাহিনীর ল্যান্ড মাইন পুঁতে রাখার কথাও তুলে ধরেছেন তার বক্তব্যে। জাতিসংঘ শরণার্থী সংস্থা জানিয়েছে, ২৫শে আগস্ট থেকে নতুন করে সংঘাত শুরু হওয়ার পর থেকে ৩ লাখ ৭০ হাজার রোহিঙ্গা শরণার্থী বাংলাদেশে পালিয়ে আশ্রয় নিয়েছে। এ পর্যন্ত নানাভাবে ৪০০ জন নিহত হয়েছে।
(ভোয়া : ২২০০ ঘ. ১২/০৯/১৭ মোতালেব/নারগীস)

কক্সবাজারে রোহিঙ্গাদের অবস্থা পরিদর্শনে প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার কক্সবাজারে অবস্থানরত রোহিঙ্গা জনগোষ্ঠীর অবস্থা পরিদর্শন করেছেন এবং মিয়ানমারকে রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রতি সহানুভূতিশীল আচরণ করতে দাবি জানিয়েছেন। বিশ্ববাসীর প্রতি তিনি আহ্বান জানিয়েছেন রোহিঙ্গা মুসলমানদের পক্ষে দাঁড়ানোর ব্যাপারে। প্রধানমন্ত্রীর কক্সবাজার সফরের সময় সেখানে ছিলেন বাংলাদেশে আমাদের সংবাদদাতা আমির খসরু। তিনি জানাচ্ছেন সেখান থেকে:

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার কক্সবাজারের যে এলাকায় মিয়ামনারের রোহিঙ্গারা আশ্রয় নিয়েছেন সেই এলাকা পরিদর্শন করেছেন। এক সমাবেশে মিয়ানমারকে তার নিজ নাগরিকদের নিজ দেশে ফেরত নেয়ার জোর তাগিদ দেন। তিনি আন্তর্জাতিক সম্প্রদায়কে মিয়ানমারের উপর চাপ সৃষ্টিরও আহ্বান জানান।

''আমাদের প্রতিবাদ থাকবে এবং আন্তর্জাতিক সংস্থাগুলোকে আমি বলব যে, তারা যেন মিয়ানমার সরকারের উপর চাপ দেয় এ অত্যাচার বন্ধ করতে।''

প্রধানমন্ত্রী বলেন, সামান্য অল্প কিছু মানুষের সন্ত্রাসী এবং জঙ্গী কার্যক্রমের কারণে এ ঘটনার সূত্রপাত হয়েছে। তিনি সন্ত্রাস, জঙ্গিবাদ মোকাবেলায় মিয়ানমারকে সহযোগিতার আশ্বাস দেন। শেখ হাসিনা নিরীহ মানুষের উপর অত্যাচার, নির্যাতনের জন্য মিয়ানমার সরকারের তীব্র সমালোচনা করেন এবং তা বন্ধের আহ্বান জানান। তিনি বলেন, মানবিক দিক বিবেচনায় রোহিঙ্গাদের আশ্রয় দেয়া হয়েছে। যতদিন পর্যন্ত না তারা মিয়ানমারে ফেরত যেতে পারেন ততদিন তাদের আশ্রয় দেয়া হবে। এদিকে, ইউএনএইচসিআর মঙ্গলবার এক বিবৃতিতে বলেছে, এ পর্যন্ত ৩ লাখ ৭০ হাজার রোহিঙ্গা এই দফায় বাংলাদেশে অনুপ্রবেশ করেছে। (ভোয়া : ২২০০ ঘ. ১২/০৯/১৭ মোতালেব/নারগীস)

রোহিঙ্গা সঙ্কট নিরসনে ড. ইউনূসের সাতদফা প্রস্তাব

নোবেল বিজয়ী প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস মিয়ানমারের নেত্রী অং সান সু চিকে শান্তির পথ বেছে নেয়ার আহ্বান জানিয়েছেন। বলেছেন, রোহিঙ্গাদের কাছে অং সান সু চির এ কথা বলা উচিত যে, মিয়ানমার যেমন তার দেশ তেমনি রোহিঙ্গাদের দেশ। জানাচ্ছেন ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরী:

সংযুক্ত আরব আমিরাতের একটি জাতীয় পত্রিকায় এক নিবন্ধে ড. ইউনূস এ আহ্বান জানান। তিনি বলেন, চট্টগ্রামের যে গ্রামে আমি বেড়ে উঠেছি সেখান থেকে মাত্র কয়েক মাইল দূরেই ঘটে গেছে এক বিশাল মানব ট্রাজেডি। এর ফলে অসহায় সর্বহারা নারী, পুরুষ, শিশুর ঢল নেমেছে বাংলাদেশ সীমান্তে। প্রতিদিনই সীমান্ত লাগোয়া নাফ নদী দিয়ে রোহিঙ্গাদের লাশ ভেসে আসছে। প্রফেসর ইউনূস চলমান রোহিঙ্গা সঙ্কট নিরসনে সাতদফা সুপারিশ উত্থাপন করেছেন। তার মধ্যে রয়েছে কফি আনান কমিশনের সুপারিশ বাস্তবায়ন, রোহিঙ্গা শরণার্থীদের দেশ ত্যাগ বন্ধ, স্পর্শকাতর এলাকাগুলোতে আন্তর্জাতিক পর্যবেক্ষকদের সফরের জন্য আমন্ত্রণ জানানো। রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নেয়ার পরিবেশ সৃষ্টি করতে হবে। ফিয়ে যাওয়া শরণার্থীদের পুনর্বাসনে জাতিসংঘের অর্থায়ন ও তত্ত্বাবধানে মিয়ানমারের ভেতরে ক্যাম্প তৈরি করতে হবে। রোহিঙ্গাদের নাগরিকত্ব দিতে হবে। সবার রাজনৈতিক স্বাধীনতা নিশ্চিত করতে হবে।

ড. ইউনূস আরও লিখেছেন, মিয়ানমার সরকারের শীর্ষ নেত্রী অং সান সু চির উচিত বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী ক্যাম্পগুলো পরিদর্শন করা। তাতে তিনি বুঝতে পারবেন কী এক অবর্ণনীয় দুঃখ-দুর্দশার মধ্যে রয়েছেন তার দেশের নাগরিকরা।
(ভোয়া : ২২০০ ঘ. ১২/০৯/১৭ মোতালেব/নারগীস)

উখিয়া ও টেকনাফে রোহিঙ্গাদের ঢল

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সর্বশেষ অবস্থা নিয়ে কক্সবাজার থেকে রিপোর্ট পাঠিয়েছেন আমাদের সংবাদদাতা আমির খসরু:

কক্সবাজারের উখিয়া ও টেকনাফের যত দূর দেখা যায় পাহাড়, জঙ্গল, সড়ক সব জায়গায়ই রোহিঙ্গার ঢল এবং যতদিন যাচ্ছে ততই এদের সংখ্যা বাড়ছে। যারা সুযোগ পেয়েছেন তারাই পাহাড়গুলোতে অস্থায়ী বসতি গড়েছেন এবং গড়ছেন। জঙ্গল কেটে গড়ে তুলছেন থাকার জায়গা। এ ধরনের নতুন বসতি গড়ে উঠেছে অনেকগুলো। আগের কুতপালং, ল্যাদা, বালুখালীর ক্যাম্প ছাপিয়ে এবার এসব ক্যাম্পগুলোর আশে-পাশেই গড়ে উঠেছে অস্থায়ী ক্যাম্প। অর্থাৎ পলিথিন আর বাঁশ দিয়ে

কোনমতে একটি মাথা গোঁজার ঠাঁই, এর বাইরেও গড়ে উঠেছে ওয়াইককম ও সংলাপসহ বিভিন্ন এলাকায় রোহিঙ্গা বসতি। যে যেখানে পেরেছেন বা পারছেন আশ্রয় নিচ্ছেন। যাদের স্থান হচ্ছে না তাদের জায়গা হচ্ছে সড়কে। পুরো জনপদকে এখন মনে হয় এক ভিন্ন বসতি। মালদা একটি রোহিঙ্গা এলাকা। ২৫শে আগস্ট থেকে শুরু হলেও এখনও রোহিঙ্গাদের মিয়ানমার ত্যাগ অব্যাহত রয়েছে। অব্যাহত আছে তাদের বাংলাদেশে অনুপ্রবেশ। সোমবারও তাদের টেকনাফ ও উখিয়ার বিভিন্ন সীমান্ত এলাকা দিয়ে ঢুকতে দেখা যায়। (ভোয়া : ২২০০ ঘ. ১২/০৯/১৭ মোতালেব/নারগীস)

রেডিও জাপান

উত্তর কোরিয়ার বিরুদ্ধে নতুন করে অবরোধ আরোপের প্রস্তাব জাতিসংঘের নিরাপত্তা পরিষদে পাশ হয়েছে

জাতিসংঘ নিরাপত্তা পরিষদে উত্তর কোরিয়ার বিরুদ্ধে নতুন করে একটি নিষেধাজ্ঞা আরোপের প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাস হয়েছে। উত্তর কোরিয়া ষষ্ঠবারের মত পারমাণবিক পরীক্ষা চালানোর আটদিন পর পরিষদ সোমবার এই প্রস্তাব অনুমোদন করে। উত্তর কোরিয় নেতা কিম জং উনকে লক্ষ্য স্থির করে সম্পদ জব্দ করা এবং দেশটির বিরুদ্ধে তেল অবরোধের আহ্বান জানিয়ে ইউএসএ খসড়া প্রস্তাবটি প্রস্তাব করে। (রেডিও জাপান: ২১০০ ঘ. ১২/০৯/১৭ আছাদ/নারগীস)

রেডিও তেহরান

নোবেল শান্তি পুরস্কারের মৃত্যু ঘটেছে: আয়াতুল্লাহ্ খোমেনি

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ্ খোমেনি রোহিঙ্গা মুসলমানদের উপর মিয়ানমার সরকারের বর্বর গণহত্যার ও ভয়াবহ দমন-পীড়নের বিরুদ্ধে ঐক্যবদ্ধ ব্যবস্থা নিতে মুসলিম দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি আজ বলেছেন, গণহত্যা বন্ধে মিয়ানমার সরকারকে বাধ্য করার জন্য মুসলিম দেশগুলোর উচিত অর্থনৈতিক ও রাজনৈতিক চাপ সৃষ্টি করা। তিনি বলেন, মিয়ানমার সঙ্কট অবসানের জন্য মুসলিম দেশগুলোকে বাস্তবধর্মী পদক্ষেপ নিতে হবে। রোহিঙ্গারা সঙ্কটে আন্তর্জাতিক সংস্থা ও স্বঘোষিত মানবাধিকারের ধ্বজাধারীদের নীরবতার তীব্র সমালোচনা করেন সর্বোচ্চ নেতা। তিনি বলেন, মিয়ানমারের চলমান সঙ্কটে যদিও ধর্মীয় রূপ থেকে থাকে তবে তাকে কোনভাবেই বৌদ্ধ ও মুসলমানদের মধ্যকার ধর্মীয় দ্বন্দ্ব বলা যাবে না বরং এটি হচ্ছে একটি রাজনৈতিক উৎস। এর কারণ ব্যাখ্যা করে তিনি বলেন, রোহিঙ্গা মুসলমানদের উপর যারা এই বর্বর হত্যাকাণ্ড ও নির্যাতন চালাচ্ছে তারা হচ্ছে মিয়ানমারের সরকার যার শীর্ষে রয়েছেন একজন নিষ্ঠুর নারী যিনি শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন। এ বর্বর ঘটনার মধ্য দিয়ে নোবেল শান্তি পুরস্কারের মৃত্যু ঘটেছে বলে সর্বোচ্চ নেতা মন্তব্য করেন। (রেডিও তেহরান: ২০৩৫ ঘ. ১২/০৯/১৭ আছাদ/নারগীস)

রোহিঙ্গাদের জন্য খুব শীঘ্রই ত্রাণ পাঠাবে ইরান

মিয়ানমারের বর্বর গণহত্যা ও ভয়াবহ নির্যাতনের মুখে বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গা মুসলমানদের জন্য ত্রাণবাহী কার্গো অবতরণের বিষয়ে বাংলাদেশ সরকারের অনুমতি পাওয়া গেছে। খুব শীঘ্রই ৯৫ টন ত্রাণ যাবে বাংলাদেশে। ইরানের রেডক্রিসেন্ট সোসাইটির ত্রাণ ও উদ্ধার সংস্থার প্রধান মুর্তজা সালামী রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইরানকে জানিয়েছেন, একটি কার্গো বিমান করে এসব ত্রাণ নেয়া হবে এবং বাংলাদেশ সরকারের অনুমতির প্রক্রিয়া শেষ হওয়ার পরই তা পাঠানো হবে। মুর্তজা সালামী জানান, প্রাথমিকভাবে ৪০ টন ত্রাণ পাঠানোর চিন্তা করা হয়েছিল কিন্তু বাংলাদেশে আসা রোহিঙ্গা মুসলমানদের সংখ্যা ও প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে ইরান স্বেচ্ছায় সেটা বাড়িয়ে ৯৫ টন করেছে। এদিকে, ঢাকাস্থ ইরান দূতাবাসও আজ রেডিও তেহরানকে এ তথ্য নিশ্চিত করেছে। দূতাবাস সূত্রে জানা গেছে, ত্রাণসামগ্রী নিয়ে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উচ্চপদস্থ কর্মকর্তা বাংলাদেশে যাবেন। ইরানের ত্রাণবাহী বিমানটি কয়েকদিনের মধ্যেই চট্টগ্রাম পৌঁছবে বলে আশা করা হচ্ছে। (রেডিও তেহরান: ২০৩৫ ঘ. ১২/০৯/১৭ আছাদ/নারগীস)

মিয়ানমারের রোহিঙ্গা ইস্যুতে জরুরী বৈঠকে বসতে যাচ্ছে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ

মিয়ানমারের রোহিঙ্গা ইস্যুতে অবনতিশীল পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য জরুরী বৈঠকে বসতে যাচ্ছে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ। বুধবার এই বৈঠক হবে। জাতিসংঘ মানবাধিকার কমিশনের প্রধান জেইদ রাদ আল হোসেনের মিয়ানমারের চলমান পরিস্থিতিতে উদ্বেগ ও হুঁশিয়ারি উচ্চারণ করার একদিন পর নিরাপত্তা পরিষদ বৈঠকে বসার সিদ্ধান্ত নিল। জাতিসংঘ মানবাধিকার কমিশনের প্রধান মিয়ানমার পরিস্থিতিকে জাতিগত শুদ্ধি অভিযান বলে অভিহিত করেছেন। নিরাপত্তা পরিষদ বলেছে, সুইডেন ও বৃটেনের অনুরোধে এই বৈঠক হতে যাচ্ছে। (রেডিও তেহরান: ২০৩৫ ঘ. ১২/০৯/১৭ আছাদ/নারগীস)

গত এক সপ্তাহে বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে মাইন বিস্ফোরণে অন্তত সাতজন নিহত

বাংলাদেশের নাইক্ষ্যংছড়ি উপজেলায় জামছড়ির গর্জনতলি সীমান্তে মিয়ানমার অংশে স্থলমাইন বিস্ফোরণে এক রোহিঙ্গা যুবক নিহত হয়েছেন। এ সময় তার স্ত্রী আহত হন। সোমবার রাত ১১টার দিকে ঐ দম্পতি কাঁটাতারের বেড়া পার হতে গেলে এই ঘটনা ঘটে। এ নিয়ে গত এক সপ্তাহে নাইক্ষ্যংছড়ি সীমান্তে মিয়ানমার সেনা বাহিনীর পুঁতে রাখা স্থলমাইন বিস্ফোরণে নারীসহ সাতজন নিহত হলেন। (রেডিও তেহরান: ২০৩৫ ঘ. ১২/০৯/১৭ আছাদ/নারগীস)

রেডিও এবিসি

নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন চাই : খেলাফতে মজলিশ

নির্বাচনে সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে নিরপেক্ষ অস্থায়ী সরকারের অধীনে নির্বাচন এবং তফসিল ঘোষণার আগে বর্তমান সংসদ ভেঙ্গে দেয়ার প্রস্তাব করেছে বাংলাদেশ খেলাফত মজলিশ। মঙ্গলবার নির্বাচন কমিশনের সঙ্গে সংলাপে অংশ নিয়ে দলটি এ প্রস্তাব করে। (রে.এবিসি: ১৫:০০ ঘ: ১২/০৯/১৭ সাইফুর/আহমেদ)

রাজধানীর কাজীপাড়ায় বাস চাপায় স্কুল ছাত্রী নিহত

রাজধানীর কাজীপাড়ায় বাস চাপায় এক স্কুল ছাত্রী নিহত হয়েছে। মঙ্গলবার বেলা সোয়া ১টার দিকে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার পর বিক্ষুব্ধ জনতা বাসে ভাঙ্গচুর করে। তারা কয়েকটি বাস পুড়িয়ে দেয়।
(রে.এবিসি: ১৫:০০ ঘ: ১২/০৯/১৭ সাইফুর/আহমেদ)

রোহিঙ্গা ইস্যুতে সরকার এখনও দ্বিধা-দ্বন্দ্বে রয়েছে : মির্জা ফখরুল

প্রধানমন্ত্রীর রোহিঙ্গাদের দেখতে যাওয়ার কথা উল্লেখ করে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, রোহিঙ্গা ইস্যুতে সারা বিশ্ব প্রতিবাদে সোচ্চার হলেও সরকার এখনও দ্বিধা-দ্বন্দ্বে রয়েছে। আমরা কিছুটা খুশি, দেরিতে হলেও প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের দেখতে এবং ত্রাণসামগ্রী বিতরণ করতে গেছেন। মঙ্গলবার রাজধানীতে এক আলোচনাসভায় মির্জা ফখরুল এ কথা বলেন। (রে. এবিসি : ১৮:০০ ঘ. ১২/০৯/১৭ সোনিয়া/আশরাফ)

রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী

রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, ঘর-বাড়ি হারিয়ে যে সব রোহিঙ্গা বাংলাদেশে এসেছেন তারা সাময়িক আশ্রয় পাবেন কিন্তু তাদের মিয়ানমারে ফিরে যেতে হবে। মঙ্গলবার কক্সবাজারের উখিয়া উপজেলার কুতুপালং রোহিঙ্গা শরণার্থী শিবিরে সংক্ষিপ্ত জনসভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন।
(রে. এবিসি : ১৮:০০ ঘ. ১২/০৯/১৭ কবির/আশরাফ)

ভর্তি পরীক্ষায় পাঁচ নম্বর কেটে তালিকা তৈরির সিদ্ধান্তের বিজ্ঞপ্তির কার্যকারিতা স্থগিত করেছে হাইকোর্ট

চলতি শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে পাঁচ নম্বর কেটে তালিকা তৈরীর সিদ্ধান্তের বিজ্ঞপ্তির কার্যকারিতা স্থগিত করেছে হাইকোর্ট।
(রে. এবিসি : ১৮:০০ ঘ. ১২/০৯/১৭ কবির/আশরাফ)

মাজারের টাকা লুটের অভিযোগে সাতজনের বিরুদ্ধে অভিযোগ গঠন শুরু

চট্টগ্রামের আনোয়ারার তালসারা দরবার শরীফ থেকে দুই কোটি সাত হাজার টাকা লুটের অভিযোগে ডাকাতির মামলায় র‍্যাব-৭ চট্টগ্রামের বরখাস্তকৃত সাবেক অধিনায়ক লে. কর্নেল জুলফিকার আলী মজুমদারসহ সাতজনের বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে। মঙ্গলবার দুপুরে পঞ্চম অতিরিক্ত চট্টগ্রাম জেলা ও দায়রা জজ মোহাম্মদ নূরে আলম শুনানি শেষে বিচার শুরুর আদেশ দেন। (রে. এবিসি : ১৮:০০ ঘ. ১২/০৯/১৭ কবির/আশরাফ)

শরীয়তপুরে ডুবে যাওয়া লঞ্চ তিনটি উদ্ধারের জন্য অভিযান শুরু করেছে বিআইডব্লিউটিএ

শরীয়তপুরের নড়িয়া উপজেলার ওয়াপদা লঞ্চঘাটে পল্টুন বিচ্ছিন্ন হয়ে ডুবে যাওয়া লঞ্চ ৩টি উদ্ধারের জন্য আভিযান শুরু করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ বিআইডব্লিউটিএ। তবে তীব্র স্রোতের কারণে উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে।
(রে. এবিসি : ১৮:০০ ঘ. ১২/০৯/১৭ কবির/আশরাফ)

বাংলাদেশ খেলাফতে মজলিসের প্রস্তাব

নির্বাচনে সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে নিরপেক্ষ অস্থায়ী সরকারের অধীনে নির্বাচন এবং তফসিল ঘোষণার আগেই বর্তমান সংসদ ভেঙ্গে দেওয়ার প্রস্তাব করেছে বাংলাদেশ খেলাফতে মজলিস।
(রে. এবিসি : ১৮:০০ ঘ. ১২/০৯/১৭ কবির/আশরাফ)

রেডিও টুডে

রোহিঙ্গারা যতদিন দেশে ফিরতে না পারবে ততদিন বাংলাদেশ তাদের পাশে থাকবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যতদিন পর্যন্ত রোহিঙ্গারা দেশে ফিরতে না পারবে ততদিন তাদের পাশে থাকবে বাংলাদেশ। একইসাথে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি চাপ সৃষ্টি করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বানও জানিয়েছেন তিনি। দুপুরে কক্সবাজারের কুতুপালং শরণার্থী ক্যাম্প পরিদর্শন এবং রোহিঙ্গাদের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণ অনুষ্ঠানে এসব কথা বলেন সরকার প্রধান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত থেকে সরাসরি ত্রাণ গ্রহণ করেন পনের জন রোহিঙ্গা শরণার্থী। এ সময় আবেগ আপ্লুত রোহিঙ্গারা বাংলাদেশের মানুষের সরকারের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১২/০৯/১৭ সাইফুর/আহমেদ)

রোহিঙ্গাদের অনুপ্রবেশ অব্যাহত রয়েছে

মিয়ানমারের আইন-শৃঙ্খলা বাহিনীর নির্যাতনের মুখে রোহিঙ্গাদের বাংলাদেশে অনুপ্রবেশ অব্যাহত রয়েছে। আজ আসা রোহিঙ্গারা জানিয়েছেন, সীমান্ত পাড়ি দিয়ে বাংলাদেশে অনুপ্রবেশের অপেক্ষায় আছেন আরও অনেকে।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১২/০৯/১৭ সাইফুর/আহমেদ)

মিয়ানমারের রোহিঙ্গাদের নিরাপত্তার ব্যাপারে যুক্তরাষ্ট্রের গভীর উদ্বেগ প্রকাশ

মিয়ানমারের বেসামরিক নাগরিকদের সে দেশের সরকার নিরাপত্তা দিতে পারছে না এমন অভিযোগ করে গভীর উদ্বেগ প্রকাশের পাশাপাশি নিন্দা জানিয়েছে যুক্তরাষ্ট্র। হোয়াইট হাউজের প্রেস সেক্রেটারি স্থানীয় সময় সোমবার এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে আনান কমিশনের সুপারিশ বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন। প্রেস সেক্রেটারি বলেন, বার্মার সেনাদের অভিযানে অন্তত তিন লাখ মানুষ পালিয়ে গেছে। এ সময় পালিয়ে আসা রোহিঙ্গাদের মানবিক সহায়তা দেয়ায় বাংলাদেশের প্রশংসা করেন হোয়াইট হাউজের প্রেস সেক্রেটারি। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১২/০৯/১৭ সাইফুর/আহমেদ)

খালেদা জিয়ার মামলার পরবর্তী হাজিরার তারিখ ১৫ই অক্টোবর

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে রাজধানীর বিভিন্ন থানায় রাষ্ট্রদ্রোহ ও নাশকতার এগারটি মামলায় হাজিরার পরবর্তী তারিখ ধার্য করা হয়েছে আগামী ১৫ই অক্টোবর। এসব মামলায় আজ আদালতে হাজিরার দিন ধার্য ছিল সাবেক এই প্রধানমন্ত্রীর কিন্তু অধিকাংশ মামলা উচ্চ আদালতের আদেশে স্থগিত রয়েছে একথা উল্লেখ করে ঢাকা মহানগর দায়রা জজ আদালতে সময় আবেদন করেন তার আইনজীবীরা। শুনানি শেষে নতুন এই তারিখ ধার্য করেন বিচারক হাফিজুর রহমান। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১২/০৯/১৭ সাইফুর/আহমেদ)

মেডিকেল ভর্তি পরীক্ষার ৫ নম্বর কর্তনের সিদ্ধান্ত স্থগিত

২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারীদের প্রাপ্ত নম্বর থেকে ৫ নম্বর কর্তনের সিদ্ধান্ত স্থগিত করেছেন হাইকোর্ট। একই সাথে নম্বর কেটে নেয়ার সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। বিচারপতি এম. এনায়েতুর রহিম ও বিচারপতি মোঃ জাহাঙ্গীর হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চ আজ এ আদেশ দেন। স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের চেয়ারম্যান, বিএনডিসির চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে রিটের জবাব দিতে বলা হয়েছে। পরে এ বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন রিটকারী আইনজীবী ইউনূস আলী আকন্দ।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১২/০৯/১৭ সাইফুর/আহমেদ)

নবম ও দশম শ্রেণির বিজ্ঞানের পরিমার্জিত সংস্করণ বই শিক্ষামন্ত্রীর কাছে হস্তান্তর

মাধ্যমিক পর্যায়ের নবম ও দশম শ্রেণির বিজ্ঞানের ছয়টি বইয়ের পরিমার্জিত সংস্করণ শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের কাছে হস্তান্তর করেছেন এ সংক্রান্ত কমিটির প্রধান অধ্যাপক জাফর ইকবাল ও ড. মোঃ কায়কোবাদ। পরে সাংবাদিকদের সাথে আলাপকালে অধ্যাপক জাফর ইকবাল বলেন, সাধারণ শিক্ষা ব্যবস্থায় কী পড়ানো হবে, না হবে সেটা নিশ্চয়ই হেফাজতে ইসলাম ঠিক করে দেবে না। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১২/০৯/১৭ সাইফুর/আহমেদ)

পালিয়ে আসা রোহিঙ্গাদের সংখ্যা তিন লাখ সত্তর হাজারে দাঁড়িয়েছে

গত ২৫শে আগস্টের পর মিয়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গা শরণার্থীদের সংখ্যা তিন লাখ সত্তর হাজারে পৌঁছেছে বলে জানিয়েছে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর। এদিকে, মিয়ানমারের বেসামরিক নাগরিকদের উপর নির্যাতনের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে যুক্তরাষ্ট্র। আর এ বিষয়ে আগামীকাল রুদ্ধদ্বার বৈঠকে বসছে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ। (রে. টুডে: ১৮:৪৫ ঘ. ১২/০৯/১৭ সোনিয়া/আশরাফ)

দেশের সব জেলা পর্যায়ক্রমে রেলের আওতায় আনা হবে: রেলমন্ত্রী

পর্যায়ক্রমে দেশের সব জেলা রেলের নেটওয়ার্কের আওতায় আনা হবে বলে জাতীয় সংসদকে জানিয়েছে রেলপথ মন্ত্রী মুজিবুল হক। বিকেলে জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। বর্তমান সরকারের সময়ে রেলের অনেক উন্নতি হয়েছে বলেও জানান মন্ত্রী। (রে. টুডে: ১৮:৪৫ ঘ. ১২/০৯/১৭ সোনিয়া/আশরাফ)

মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের উপর অত্যাচারের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে জাতিসংঘ

মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের উপর অত্যাচার, নির্যতন, হত্যা ও ধর্ষণের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে জাতিসংঘ। আর রোহিঙ্গা সঙ্কট নিয়ে আলোচনা করতে আজ জরুরী বৈঠক ডেকেছে নিরাপত্তা পরিষদ। এদিকে, বিশ্ব নিয়ন্ত্রণ সংস্থাটির শিশু বিষয়ক তহবিল ইউনিসেফ বলছে, বাংলাদেশে শরণার্থী ক্যাম্পে আশ্রয় নেওয়া দুই লাখের বেশি রোহিঙ্গা শিশু স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে যা সদ্য আসা মোট রোহিঙ্গার ৬০ ভাগ। বাংলাদেশে ইউনিসেফ-এর শিশু সুরক্ষা প্রধান গতকাল এক বিবৃতিতে বলেন, এসব শিশু দুর্বল, ক্ষুধার্ত। তাদের জরুরী সহায়তায় অন্তত ৭৩ লাখ মার্কিন ডলার প্রয়োজন বলেও জানিয়েছেন তিনি।
(রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৩/০৯/১৭ খালেদা/হেলাল)

সংসদে মিয়ানমারের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব পাশ না হওয়ায় সরকারের সমালোচনা করেছেন মির্জা ফখরুল

রোহিঙ্গাদের দেখতে প্রধানমন্ত্রীর কক্সবাজার সফরকে সাধুবাদ জানিয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেরীতে হলেও সরকারের শুভবুদ্ধির উদয় হয়েছে। তবে এখনও গণহত্যার দায়ে জাতীয় সংসদে মিয়ানমারের

বিরুদ্ধে নিন্দা প্রস্তাব পাশ না হওয়ায় সরকারের সমালোচনাও করেছেন তিনি। গতকাল দুপুরে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে এক আলোচনা সভায় এসব কথা বলেন মির্জা ফখরুল।

(রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৩/০৯/১৭ খালেদা/হেলাল)

দেশে ফিরেছেন রাষ্ট্রপতি

কাজাকিস্তানের রাজধানী আস্তানায় অনুষ্ঠিত ইসলামী সম্মেলন সংস্থা ওআইসি'র প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি সম্মেলনে যোগদান শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি মোহাম্মদ আব্দুল হামিদ। বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের একটি নিয়মিত ফ্লাইটে গতরাত ১০টা ২৫ মিনিটে ঢাকার হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। বিমানবন্দরে রাষ্ট্রপতিকে স্বাগত জানান অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, কূটনৈতিক কোরের ডীন এবং তিনবাহিনীর প্রধানসহ উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তারা। দু'দিনব্যাপী ঐ সম্মেলনে যোগ দিতে গত ৯ই সেপ্টেম্বর কাজাকিস্তানের যান রাষ্ট্রপতি মোহাম্মদ আব্দুল হামিদ।

(রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৩/০৯/১৭ খালেদা/হেলাল)

রোহিঙ্গাদের মাঝে আজ ত্রাণ বিতরণ করবে বিএনপি

রোহিঙ্গাদের মাঝে আজ ত্রাণসামগ্রী বিতরণ করবে বিএনপি। সে লক্ষ্যে স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাসের নেতৃত্বে গতকাল সন্ধ্যায় কক্সবাজার পৌঁছেছে দলটির একটি প্রতিনিধি দল। উখিয়ার কুতুপালং ও টেকনাফের বিভিন্ন শরণার্থী ক্যাম্প পরিদর্শন এবং অসহায় রোহিঙ্গাদের মাঝে খাদ্য ও ঔষধ বিতরণ করবেন তারা। গতকাল বিএনপির পক্ষ থেকে ত্রাণসামগ্রী বিতরণের কথা থাকলেও প্রধানমন্ত্রীর সফর এবং নিরাপত্তাজনিত কারণে যথাসময়ে কক্সবাজার পৌঁছাতে পারেনি প্রতিনিধি দলটি। (রেডিও টুডেঃ ০৮৪৫ ঘ. ১৩/০৯/১৭ এলিনা/নারগীস)

নাফ নদী থেকে গত রাতে দুই রোহিঙ্গা শিশুর মৃতদেহ উদ্ধার

কক্সবাজারের টেকনাফে নাফ নদী থেকে গত রাতে দুই রোহিঙ্গা শিশুর মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। রাত বারটার দিকে শাহ্পরী দ্বীপ এলাকার জালিয়ার পাড়া মুখ পয়েন্ট থেকে লাশ দু'টি উদ্ধার করা হয় বলে জানিয়েছেন টেকনাফ থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মাইন উদ্দীন খান। তবে ওদের নাম ও পরিচয় জানাতে পারেননি তিনি। এই নিয়ে গত ২৫শে আগস্টের পর থেকে এই পর্যন্ত ৯৫ জন রোহিঙ্গার মৃতদেহ উদ্ধার করা হ'ল।

(রেডিও টুডেঃ ০৮৪৫ ঘ. ১৩/০৯/১৭ এলিনা/নারগীস)

:: সমাপ্ত ::